# যশোর বোর্ড ২০১৭

বিষয় কোড: | ১ | ০ | ২ |

## বাংলা দ্বিতীয় পত্র: রচনামূলক প্রশ্ন

সময়-২ ঘণ্টা ৩০ মিনিট

পূর্ণমান:৭০

[দ্রষ্টব্য: ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। উত্তর প্রাসঙ্গিক ও যথাযথ হওয়া বাঞ্ছনীয়। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়]

১. যেকোনো একটি বিষয়ে অনুচ্ছেদ লেখো: ১০

(ক) বাংলা নববর্ষ;

(খ) স্বাধীনতা দিবস।

২. (ক) মনে করো, তুমি রংপুরের মানিক, তোমার বন্ধু সুমন সিলেটের নিশ্চিন্তপুর গ্রামে থাকে। বই পড়ার আনন্দ জানিয়ে তোমার বন্ধুকে একখানা পত্র লেখো। ১০

অথবা, (খ) মনে করো, তুমি দিনাজপুর জেলার বালুবাড়ী মহল্লার বাসিন্দা স্বপন। আর্সেনিকমুক্ত পানি সরবরাহের ব্যবস্থা গ্রহণের জন্য পৌরসভা মেয়রের কাছে একখানা আবেদন পত্র লেখো।

৩. (ক) সারাংশ লেখো: ১০

শ্রমকে শ্রদ্ধার সঙ্গে গ্রহণ করো। কালি-ধুলার মাঝে, রৌদ্রবৃষ্টিতে কাজের ডাকে নেমে যাও। বাবু হয়ে ছায়ায় পাখার তলে থাকবার কোনো দরকার নেই। এ হচ্ছে মৃত্যুর আয়োজন। কাজের ভিতর কুবুদ্ধি, কুমতলব মানবচিত্তে বাসা বাঁধতে পারে না। কাজে শরীরে সামর্থ্য জন্মে। স্বাস্থ্য, শক্তি, আনন্দ স্ফূর্তি সবই লাভ হয়। পরিশ্রমের পর যে অবকাশ লাভ হয় তা পরম আনন্দের অবকাশ। তখন কৃত্রিম আয়োজন করে আনন্দ করার কোনো প্রয়োজন হয় না। শুধু চিন্তার দ্বারা জগতের হিত সাধন হয় না। শুধু চিন্তা করে মানুষ পূর্ণ জ্ঞান লাভ করতে সমর্থ হয় না। মানবসমাজে মানুষের সাথে কাজে, রাস্তায়, কারখানায়, মানুষের সঙ্গে ব্যবহারে মানুষ নিজেকে পূর্ণ করে।

Teachingbd24.com

অথবা, (খ) সারমর্ম লেখো:

দৈন্য যদি আসে আসুক, লজ্জা কিবা তাহে,
মাথা উঁচু রাখিস।
সুখের সাথী মুখের পানে যদি নাহি চাহে,
ধৈর্য ধরে থাকিস।
রুদ্ররূপে তীব্র দুঃখ যদি আসে নেমে,
বুক ফুলিয়ে দাঁড়াস,
আকাশ যদি বজ্র নিয়ে মাথায় পড়ে ভেঙে
ঊর্ধ্বে দু'হাত বাড়াস।

৪. যেকোনো একটির ভাবসম্প্রসারণ করো: ১০

(ক) সকলের তরে সকলে আমরা
প্রত্যেকে আমরা পরের তরে।

(খ) ভোগে নয়, ত্যাগেই প্রকৃত সুখ।

৫. যেকোনো একটি বিষয়ে প্রতিবেদন রচনা করো: ১০

(ক) মনে করো, তোমার নাম তামিম। তুমি 'দৈনিক যুগান্তর' পত্রিকার স্টাফ রিপোর্টার। 'মাদককে না বলুন' শিরোনামে একটি সংবাদ প্রতিবেদন প্রণয়ন করো।

(খ) মনে করো, তুমি মুনির/মনিরা; উদয়ন মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষার্থী। তোমার বিদ্যালয়ে অনুষ্ঠিত বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতার উপর প্রধান শিক্ষক বরাবরে একখানা প্রতিবেদন প্রণয়ন করো।

৬. যেকোনো একটি বিষয়ে প্রবন্ধ রচনা করো: ২০

(ক) শ্রমের মর্যাদা;

(খ) কর্মমুখী শিক্ষা;

(গ) বাংলাদেশের বন্যা ও তার প্রতিকার।

https://teachingbd24.com

সময় — ৩০ মিনিট পূর্ণমান — ৩০ বাংলা দ্বিতীয় পত্র: বহুনির্বাচনি অভীক্ষা বিষয় কোড: | ১ | ০ | ২ |

*[বিশেষ দ্রষ্টব্য: সরবরাহকৃত নৈর্ব্যক্তিক অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

১. 'ঈ + ই = ঈ'— এ সূত্রের সন্ধিজাত শব্দ কোনটি?
ক অতীত খ পরীক্ষা
গ সতীন্দ্র ঘ সতীশ

২. 'পরিপূর্ণ' শব্দটিতে উপসর্গ 'পূর্ণ' শব্দের কোন ধরনের পরিবর্তন সাধন করেছে?
ক নতুন অর্থবোধক শব্দ তৈরি
খ শব্দের অর্থে পূর্ণতা সাধন
গ শব্দের অর্থের সম্প্রসারণ
ঘ শব্দের অর্থের সংকোচন

৩. কোন বাক্যটি ঐতিহাসিক বর্তমানের ক্রিয়াপদ দ্বারা গঠিত?
ক দেখে এলাম তারে
খ আবার আসিব ফিরে
গ কেন যে তুমি আসনা
ঘ হুমায়ুনের পর আকবর বাদশা হন

৪. কোনটি মিশ্রবাক্য?
ক লেখাপড়া করে যেই, গাড়ি-ঘোড়া চড়ে সেই
খ উদয়াস্ত পরিশ্রম করব, তথাপি অন্যের দ্বারস্থ হব না
গ মাংসভোজী পশু অত্যন্ত বলবান
ঘ আমি বহু কষ্টে শিক্ষা লাভ করেছি

৫. 'ছিঃ তোমার এই কাজ!' এই বাক্যে কোন ধরনের অনুভূতির প্রকাশ ঘটেছে?
ক বিস্ময় খ ধিক্কার
গ লজ্জার ঘ ঘৃণা

৬. 'তামার বিষ'— বাগধারাটির অর্থ কী?
ক অর্থের কু প্রভাব
খ অর্থের অহংকার
গ সামান্য অর্থ
ঘ নগদ উপার্জন

৭. ভাবাধিকরণে সর্বদা কোন বিভক্তি হয়?
ক প্রথমা খ দ্বিতীয়া
গ পঞ্চমী ঘ সপ্তমী

৮. নিম্নাবস্থিত সম্মুখ স্বরধ্বনি কোনটি?
ক অ খ আ
গ ই ঘ উ

[দ্রষ্টব্য: ব্যাকরণ বইয়ে নিম্নাবস্থিত সম্মুখ স্বরধ্বনি বলা হয়েছে 'অ' কে। কিন্তু প্রকৃতপক্ষে সঠিক উত্তর হবে— 'অ্যা'।

৯. কোনটি রূঢ়ি শব্দ?
ক কর্তব্য খ হস্তী
গ জলধি ঘ দৌহিত্র

১০. 'গতকল্য' এই কালসূচক শব্দটি পরোক্ষ উক্তিতে কী হবে?
ক পরদিন খ আগেরদিন
গ পূর্বদিন ঘ আগামীকাল

১১. 'ঘোড়ায় গাড়ি টানে'— এ বাক্যে 'ঘোড়ায়' কোন কারকে কোন বিভক্তি হবে?
ক কর্তৃকারকে প্রথমা
খ কর্তৃকারকে সপ্তমী
গ কর্মকারকে সপ্তমী
ঘ করণকারকে সপ্তমী

১২. নিচের কোনটি সঠিক ব্যাসবাক্য ও সমাস?
ক রাজার পথ = রাজপথ
খ রাজার হাঁস = রাজহাঁস
গ গুণের গ্রাম = গুণগ্রাম
ঘ মৃগের শিশু = মৃগশিশু

১৩. কোন যতিচিহ্নে থামার প্রয়োজন নেই?
ক হাইফেন খ ড্যাস
গ কোলন ঘ উদ্ধরণ

Teachingbd24.com

১৪. নিচের কোন শব্দটিতে স্বভাবতই 'ষ' হয়েছে?
ⓚ কৃষক ⓚ ওষ্ঠ
ⓖ সুষমা ⓖ কোষ

১৫. 'ন সুর = অসুর'— এখানে কী অর্থে নঞ্ তৎপুরুষ সমাস হয়েছে?
ⓚ অভাব ⓚ ভিন্নতা
ⓖ অল্পতা ⓖ বিরোধ

১৬. অনুসর্গ কী?
ⓚ শব্দ বিভক্তি ⓚ শব্দাংশ
ⓖ ক্রিয়াবিভক্তি ⓖ অব্যয় শব্দ

১৭. 'সূর্য' শব্দের সমার্থক শব্দ—
ⓚ বিধু ⓚ অলক
ⓖ আদিত্য ⓖ অর্ণব

১৮. কোন বাক্যে ক্রিয়াপদ উহ্য আছে?
ⓚ দিন যায়, কথা থাক
ⓚ ইনি আমার ভাই
ⓖ পায়ের তলায় নরম ঠেকল কী?
ⓖ জজিদের বুঝে দেব

১৯. কেবল জন্তুর বহুবচনে কোনটি ব্যবহৃত হয়?
ⓚ বৃন্দ ⓚ যূথ
ⓖ দাম ⓖ পুঞ্জ

২০. প্রাতিপদিক— এর উদাহরণ কোনটি?
ⓚ কলম ⓚ মুখর
ⓖ গরমিল ⓖ হাতা

২১. 'আনী'-প্রত্যয়যোগে গঠিত স্ত্রী-বাচক শব্দ নয় কোনটি?
ⓚ চাকরানী ⓚ মাতুলানী
ⓖ হিমানী ⓖ ধোপানী

২২. ভিন্নার্থক শব্দযোগে যুগ্মরীতির দ্বিরুক্তি কোনটি?
ⓚ বনজঙ্গল ⓚ ডালভাত
ⓖ জন্ম-মৃত্যু ⓖ ভাতটাত

২৩. 'মেলা দেখতে ঢাকা যাব'— বাক্যে কী অর্থে অসমাপিকা ক্রিয়ার ব্যবহার হয়েছে?
ⓚ সম্ভাব্যতা ⓚ হেতু
ⓖ নিমিত্ত ⓖ ইচ্ছা

২৪. 'যা দমন করা কষ্টকর'— এক কথায় কী হবে?
ⓚ অনিবার্য ⓚ দুর্দমনীয়
ⓖ অদম্য ⓖ দুর্নিবার

২৫. নিপাতনে সিদ্ধ সন্ধি কোনটি?
ⓚ পরিস্কৃত ⓚ পতঞ্জলি
ⓖ উত্থান ⓖ সংস্কৃত

২৬. কোনটি ব্যঞ্জন বিকৃতির উদাহরণ?
ⓚ ফাগুন ⓚ সক্কাল
ⓖ ধোপা ⓖ শরীল

২৭. নিচের কোনটি বিদেশাগত ধাতু?
ⓚ ডাক্ ⓚ থাক্
ⓖ হাস্ ⓖ বুঝ্

২৮. 'ঢাকাই' শব্দে কোন অর্থে 'আই'— প্রত্যয় যুক্ত হয়েছে?
ⓚ আদর ⓚ ভাব
ⓖ উপজীবিকা ⓖ জাত

২৯. এক এককের চার ভাগের একভাগকে বলা হয়—
ⓚ চৌথা ⓚ তেহাই
ⓖ আধা ⓖ পৌনে

৩০. কর্মবাচ্যের উদাহরণ কোনটি?
ⓚ স্থপতি ঈসা খাঁর তত্ত্বাবধানে তাজমহল নির্মিত হয়েছে
ⓚ আলেকজান্ডার পারস্যদেশ জয় করেন
ⓖ এবার একটি গান করা হোক
ⓖ হালাকু খাঁ বাগদাদ ধ্বংস করেন

উত্তর

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ⓖ | ২ | ⓚ | ৩ | ⓖ | ৪ | ⓖ | ৫ | ⓚ | ৬ | ⓚ | ৭ | ⓚ | ৮ | - | ৯ | ⓚ | ১০ | ⓖ | ১১ | ⓚ | ১২ | ⓖ | ১৩ | ⓚ | ১৪ | ⓖ | ১৫ | ⓖ |
| ১৬ | ⓖ | ১৭ | ⓖ | ১৮ | ⓚ | ১৯ | ⓚ | ২০ | ⓚ | ২১ | ⓖ | ২২ | ⓚ | ২৩ | ⓖ | ২৪ | ⓚ | ২৫ | ⓚ | ২৬ | ⓖ | ২৭ | ⓖ | ২৮ | ⓖ | ২৯ | ⓚ | ৩০ | ⓚ |

https://teachingbd24.com